চুয়াডাঙ্গায় বাড়তি দামে সার বিক্রির অভিযোগ

চুয়াডাঙ্গায় বাড়তি দামে টিএসপি ও ডিএপি সার বিক্রির অভিযোগ উঠেছে। ডিলাররা কৃত্রিম সংকট সৃষ্টি করে বাড়তি টাকা হাতিয়ে নিচ্ছেন। টিএসপি সারে বস্তা প্রতি অতিরিক্ত ৫০০-৬০০ টাকা এবং ডিএপি সারে বস্তাপ্রতি অতিরিক্ত ২০০-৩০০ টাকা নেয়ার অভিযোগ রয়েছে। এসব ক্ষেত্রে কৃষককে কোনো ক্যাশ মেমো দেয়া হচ্ছে না। আবার অনেক সময় সারের সংকট দেখিয়ে ফিরিয়ে দেয়া হচ্ছে চাষীদের।

চুয়াডাঙ্গা সদর উপজেলার হানুরবাড়াদী গ্রামের কৃষক মোঃ ঝলক জানান, কয়েকদিন আগে ডিঙ্গেদহ বাজার থেকে ১ হাজার টাকা মূল্যের টিএসপি সার ১ হাজার ৭৪০ টাকা দিয়ে কিনেছি। যেসকল কৃষক বাড়তি দামের বিষয়ে অভিযোগ করছেন তাদের সার নেই বলে ফিরিয়ে দেয়া হচ্ছে। জমিতে সারের প্রয়োজনে বাধ্য হয়ে চাষীরা বাড়তি দামে সার কিনছেন। ডিঙ্গেদহ বাজারের বিসিআইসি সার ডিলার আনছার আলীর ঘরে গিয়ে মজুদ তালিকায় দেখা যায় ১১৩ বস্তা টিএসপি এবং ৬৬৯ বস্তা ডিএপি সার রয়েছে। ডিলার আনছার আলী জানান, অন্য জায়গা থেকে বাড়তি দামে সার কিনতে হচ্ছে তাই বাধ্য হয়ে কিছুটা বাড়তি দামেই বিক্রি করতে হচ্ছে ।

গড়াইটুপি বাজারের সার ডিলার আনোয়ার হোসেন বলেন, আমার কাছে দেশি ডিএপি সার নেই। চায়না ডিএপি সার বিক্রি করছি ১ হাজার টাকা বস্তা।

বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মীর মহিউদ্দিন বলেন, বেশি দামে সার বিক্রির কথা আমিও শুনেছি। বিষয়টি জানার পর সরকার নির্ধারিত দামে বিক্রির জন্য ডিলারদের নির্দেশ দেয়া হয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আলী হাসান জানান, জেলার কোথাও সারের সংকট নেই। ডিলারদের কাছে যথেষ্ট মজুদ আছে। অভিযোগের সত্যতা যাচাইয়ে ইতোমধ্যেই প্রশাসনিকভাবে খোজখবর নেয়া শুরু হয়েছে।

[redacted]

[redacted]

বাড়তি দায়িত্ব পালন করছেন।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান বলেন, এ বিষয়ে আমরা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ে বারবার যোগাযোগ করেছি। তারাও একাধিকবার প্রয়োজনীয় জনবলের তথ্য সংগ্রহ করেছেন।

বর্তমানে বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় আছে। জনপ্রশাসন মন্ত্রণালয় অনুমোদন দিলে অর্থ-মন্ত্রণালয়ের সুপারিশ সাপেক্ষে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

জীবননগরে ৯৮ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে বিজিবি সদস্যেরা মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯৮ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ।

গতকাল সোমবার সকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনস্ত জীবননগর বিওপির হাবিলদার মখলেসুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর বিওপির সামনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ।

এ সময় দামুড়হুদা উপজেলার হুদা পাড়ার মিরাজুল ইসলামের ছেলে মাদক চোরাকারবারী মোঃ সেমিক হাসানকে ৯৮ বোতল ভারতীয় ফেন্সিডিল, ১ টি মোবাইল এবং ২ টি ব্যাগসহ আটক করা হয়।

আটককৃত আসামীকে মাদকদ্রব্যসহ জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে।

প্রয়াত সাংবাদিক আব্দুর রাজ্জাক স্মরণে শোকসভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জের প্রয়াত সাংবাদিক আব্দুর রাজ্জাক এর স্মরণে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে ।

গতকাল সোমবার সন্ধ্যায় প্রেস ক্লাব কালীগঞ্জের অস্থায়ী কার্যালয়ে প্রেস ক্লাবের সভাপতি জাকারিয়া হোসেনের সভাপতিত্বে এ শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শোক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক নবচিত্রের প্রধান সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম, প্রেস ক্লাব কালীগঞ্জের সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন, মোহনা টিভির প্রতিনিধি সোহেল আহমেদ, আর টিভির প্রতিনিধি শিপলু জামান, ৫নং ওয়ার্ডের কাউন্সিলর মনিরুজ্জামান রিংকু, মাই টিভির প্রতিনিধি মিঠু মালিথা, দৈনিক ইনকিলাবের প্রতিনিধি সোহাগ হোসেন, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক শাহ আলম, দপ্তর ও অর্থ সম্পাদক তানজির রহমান, মতিয়ার রহমান, নাজমুল হোসেন, আশিক এলাহী, স্বাধীন ইসলাম, ইজাজ আহমেদ উৎস প্রমুখ ।

প্রয়াত আব্দুর রাজ্জাকের স্মৃতিচারণে সকলে প্রেস ক্লাব প্রতিষ্ঠার পেছনে তার অবদান স্মরণ করেন । শোকসভা শেষে মরহুমের রূহের মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন মাওলানা রুহুল আমিন।

শীতের আগমনে বেড়েছে লেপ-তোষক

তৈরির কারিগরদের কদর

ছয় ঋতুর বাংলাদেশে কার্তিক ও অগ্রহায়ণ এ দুই মাস হেমন্তকাল, হেমন্ত মানেই শীতের পূর্বাভাস। রাত শেষে ঠাণ্ডা হিমেল বাতাস আর ভোরে ঘাসে ঘাসে জমে থাকা শিশিরবিন্দুই বলে দেয় শীত আসছে।

মেহেরপুরে শীতের আগমনী বার্তা আসার সঙ্গে সঙ্গে ধুনারীদের (লেপ-তোষক তৈরির কারিগর) তুলা ছাঁটাই ও লেপ তৈরির কাজে কর্মচাঞ্চল্য বেড়েছে।

সপ্তাহ দুয়েক ধরে মেহেরপুর জেলায় হালকা শীত ও কুয়াশা পড়তে শুরু করেছে। সামনে পৌষ ও মাঘ মাস শীতকাল। তাই মেহেরপুর সদর এবং গ্রামাঞ্চলের মানুষ আগে ভাগেই লেপ, তোষক বানাতে শুরু করেছে।

কেউ কেউ পুরনো লেপ ভেঙে নতুন করে বানিয়ে নিচ্ছেন। আবার কেউ নতুন তুলা দিয়ে তৈরি করে নিচ্ছে লেপ ও তোষক।

মেহেরপুরের আমদাহ গ্রামের লেপ তোষকের কারিগর কছিমদ্দীন ও আনসার আলী বলেন, আমরা প্রায় ৩০ বছর ধরে ধুনারীর কাজ করছি। প্রতিবছরই প্রায় ৬ মাস অন্য কাজ করে থাকি। শীত মৌসুমে লেপ-তোষকের দোকানে প্রতি দিন ৫০০ থেকে ৬০০ টাকায় আবার ২৫০ থেকে ৩০০ টাকা হিসেবেও লেপ, তোষক তৈরির কাজ করে থাকি। হেমন্তের প্রথম থেকেই ধুনারী কাজের ব্যস্ততা বেড়ে যায় আমাদের।

মেহেরপুর হোটেল বাজারের লেপ-তোষকের দোকান মালিক জনি জানান, মহামারী করোনা ভাইরাসে লক ডাউন থাকার কারণে গত বছরের তুলনায় এ বছর ঝুটের দাম যেমন বেশি ঠিক তেমনি তুলার দামও বেশি। তবুও থেমে নেই এই বছরের লেপ, তোষক বানানোর কাজ। সারা বছরের চেয়ে শীতের এ তিন মাস বেচাকেনা একটু বেশি হয়। তাই ক্রেতাদের কথা ভেবে কাজের গুণগতমান বজায় রেখে অর্ডারি কাজের পাশাপাশি রেডিমেড জিনিসও বিক্রি করছি।

এদিকে শহর ও গ্রামে হাঁক-ডাক বেড়েছে মৌসুমী ফেরিওয়ালাদের, যারা শীতে ভ্যানে করে লেপ-তোষক বিক্রিতে নেমে পড়েন। মহাজনদের কাছে কমিশনে কিনে বিক্রি করেন গ্রামে ও শহরে। এসব ফেরিওয়ালা নগদ টাকা ছাড়াও কিস্তিতে লেপ-তোষক বেচেন। শীত মৌসুম শেষ হওয়ার আগেই কিস্তির সে টাকা পরিশোধ করেন পুরুষ ও গৃহবধূ ক্রেতারা।

মেহেরপুর সদরের বাজার গুলো ঘুরে দেখা গেছে, এবার লেপ-তোষক তৈরির মূল উপাদান কার্পাস তুলা ২০০ টাকা, বোমা তুলা ১২০ টাকা, চাদর তুলা ৮০-৯০ টাকা এবং গার্মেন্টস (ঝুট) তুলা ২৫ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

মিরপুরে সড়ক দুর্ঘটনায় নসিমন চালকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক ও শ্যালো ইঞ্জিন চালিত নসিমনের সংঘর্ষে মনোয়ার(৪০) নামে এক নসিমন চালকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় মহিলাসহ কমপক্ষে ৯ জন আহত হয়েছে।

আহতদের উদ্ধার করে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

সোমবার সন্ধ্যায় কুষ্টিয়া মেহেরপুর সড়কের মিরপুরের ভাঙ্গা বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মনোয়ার হোসেন মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের পশ্চিম চুনিয়াপাড়া এলাকার উসমান প্রামানিকের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, সন্ধ্যার দিকে যাত্রী নিয়ে কুষ্টিয়া থেকে আমলার দিকে যাচ্ছিলো একটি শ্যালো ইঞ্জিন চালিত নসিমন। এসময় মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী একটি ট্রাকের সাথে সংঘর্ষের ঘটনা ঘটলে ঘটনাস্থলেই নসিমনের চালক মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ৪ কেজি গাঁজাসহ ইসরাফিল হোসেন(৫৫) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

সোমবার বিকেলে কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, সোমবার সকালে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) এসআই আমিরুল ইসলামের নেতৃত্বে এএসআই জোবায়ের হোসেন, এএসআই রুহুল আমিন সঙ্গীয় ফোর্স নিয়ে দৌলতপুরে মাদক বিরোধী অভিযান চালায়।

এসময় দৌলতপুর উপজেলার মহিষকুন্ডি গ্রামের মাঠপাড়া এলাকায় মাদক ব্যবসায়ী ইসরাফিল হোসেনের বাড়ীতে অভিযান চালিয়ে ৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

যার আনুমানিক মূল্য ১লাখ ২০হাজার টাকা।

আটককৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের হয়েছে।

আটককৃত মাদক ব্যবসায়ী ইসরাফিল হোসেন দৌলতপুর উপজেলার মহিষকুন্ডি গ্রামের মাঠপাড়া এলাকার কিয়ামত সর্দারের ছেলে।

খেজুর রস সংগ্রহে ব্যস্ত সময় পার করছে ঝিনাইদহের গাছিরা

সকালের শিশির ভেজা পথ, যা শীতের আগমনী বার্তাকে জানান দিচ্ছে। দিনে কিছুটা গরম হলেও সন্ধ্যা হলেই বোঝা যায় শীতের আগমন। এরই মধ্যে ঝিনাইদহের গাছিরা খেজুর গাছ তুলতে শুরু করেছে। যারা খেজুর গাছ থেকে রস সংগ্রহ করতে পারদর্শি তাদেরকে গাছি বলা হয়। আগাম রস

[illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]